

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬৪.১৯-৭৯

তারিখঃ ২৩ মাঘ ১৪২৬ ব.
০৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং- ৮০৯৮/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ৮০৯৮/২০১৯ মামলার বুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ৮০৯৮/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৮০৯৮/২০১৯	জনাব মো: হাসিবুল হাসান, জুনিয়র ইন্সট্রাক্টর (মেকানিক্যাল) বিভাগ, চট্টগ্রাম পলিটেকনিক ইন্সটিটিউট, নাসিরাবাদ, চট্টগ্রাম।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ডিজি, ডিটিই আরো অন্যান্যসহ মোট ০৬ (ছয়) জন।	চট্টগ্রাম পলিটেকনিক ইন্সটিটিউটের জুনিয়র ইন্সট্রাক্টর (মেকানিক্যাল) জনাব মো: হাসিবুল হাসান কর্তৃক গত ২৪/০১/২০১৯ তারিখে (Annexure-E মূলে) অধ্যক্ষ, চট্টগ্রাম পলিটেকনিক ইন্সটিটিউট বরাবর যোগদানের জন্য আবেদন দাখিল করা হয়। দাখিলকৃত উক্ত আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় বা যোগদান করতে না পারায় পিটিশনার কর্তৃক গত ১৯/০৮/২০১৯ তারিখে পুনরায় ২ নং রেসপনডেন্ট (ডিজি, ডিটিই) বরাবর যোগদানের জন্য (Annexure-F মূলে) আবেদন দাখিল করা হয়। উক্ত আবেদনের আলোকেও প্রতিকার না পাওয়ায় পিটিশনার কর্তৃক গত ২৪/০১/২০১৯ তারিখে (Annexure-E মূলে) দাখিলকৃত আবেদনটি রেসপনডেন্ট নং-০৬ (অধ্যক্ষ, চট্টগ্রাম পলিটেকনিক ইন্সটিটিউট) কর্তৃক নিষ্পত্তিকরত: তাকে ২০/০৭/২০১৭ তারিখ হতে বর্তমান পর্যন্ত বকেয়া বেতন-ভাতাদি পরিশোধের নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মো: হাসিবুল হাসান কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮০৯৮/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ২৮/১০/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী অনির্পন্ন রেখে পিটিশনার কর্তৃক ১৯/০৮/২০১৯ তারিখে ডিজি, ডিটিই বরাবর (Annexure-F Supplementary affidavit মূলে) দাখিলকৃত আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি না করা কেন বেআইনী ঘোষণা করা হবে না; সে মর্মে ২৫/১১/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়। একইসাথে পিটিশনার কর্তৃক ১৯/০৮/২০১৯ তারিখে ডিজি, ডিটিই বরাবর (Annexure-F Supplementary affidavit মূলে) দাখিলকৃত আবেদনটি আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য রেসপনডেন্ট নং ২ (ডিজি, ডিটিই) -কে নির্দেশনা দিয়ে এক অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করা হয়।

০৩। রিট মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ২৮/১০/১৯ তারিখে প্রদত্ত অন্তর্বর্তীকালীন আদেশ অনুযায়ী পিটিশনার কর্তৃক ১৯/০৮/২০১৯ তারিখে ডিজি, ডিটিই বরাবর (Annexure-F Supplementary affidavit মূলে) দাখিলকৃত আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করে সরকার পক্ষে জবাব দাখিল করা হয়েছে কিনা, না হয়ে থাকলে জরুরিভিত্তিতে পিটিশনার কর্তৃক ১৯/০৮/২০১৯ তারিখে Annexure-F Supplementary affidavit মূলে দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তি করত: মহামান্য হাইকোর্টে জবাব দাখিলক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৮০৯৮/২০১৯ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ২৮/১০/২০১৯ তারিখে প্রদত্ত অন্তর্বর্তীকালীন আদেশ অনুযায়ী পিটিশনার কর্তৃক ১৯/০৮/২০১৯ তারিখে Annexure-F Supplementary affidavit মূলে দাখিলকৃত আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করে সরকার পক্ষে জবাব দাখিল করা হয়েছে কিনা হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি না হয়ে জরুরিভিত্তিতে পিটিশনারের ১৯/০৮/২০১৯ তারিখের Annexure-F Supplementary affidavit মূলে দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তি করত: মহামান্য হাইকোর্টে জবাব দাখিলক্রমে গৃহীত ব্যবস্থার তথ্য আগামী ২৫/০২/২০২০ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: অ. খালেদ মিয়া)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।